



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



ওয়েবসাইট: ctgcollege.gov.bd ইমেইল: ctgcollege@yahoo.com

বিজ্ঞপ্তি

তারিখ: ১৩.০৭.২০২৩ খ্রি.

কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদেরকে উল্লিখিত বিষয়ের উপর এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করে পেন ড্রাইভ এর মাধ্যমে আগামী ১৬.০৭.২০২৩ খ্রি. কলেজের সংস্কৃত বিষয়ের সহকারী অধ্যাপক জনাব নিহার রঞ্জন দাসের নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া হলো।

স্বা:/-
(প্রফেসর সুব্রত বিকাশ বড়ুয়া)
আইডি নম্বর : ০০০০৭৬০৭
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। বিভাগীয় প্রধান (সকল), চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ৪। কাউন্সিলরগণ, একাদশ/দ্বাদশ শ্রেণি, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম (বিজ্ঞপ্তিটি শিক্ষার্থীদেরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস নথি।

১৮৬৯
১৩/০৭/২৩
(প্রফেসর সুব্রত বিকাশ বড়ুয়া)
আইডি নম্বর : ০০০০৭৬০৭
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

১৩.০৭.২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উপজেলা:, জেলা:

বিজ্ঞপ্তি নম্বর:

তারিখ: ... আষাঢ় ১৪৩০
... জুন ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই ২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর:, ই-মেইল:

অনুরোধক্রমে,

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা:, জেলা: